

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
উদ্ভিদ সংরক্ষণ উইং  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং-১২.০১.০০০০.০১০.৯৯.০১০.২০১৯- ০০৫ (২)

তারিখঃ- ১৩/০২/২০২৪

## বিষয়ঃ আমদানিকৃত কার্বোফুরানের অবশিষ্ট স্টক সংক্রান্ত নির্দেশনা।

সূত্রঃ (১) কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার স্মারক নং-১২.০০.০০০০.০২৬.৩৯.০০১.২৩.২৫৪  
তাং-০৩/০৮/২০২৩ইং।

(২) অত্র দপ্তরের স্মারক নং-১২.০১.০০০০.০১০.৯৯.০১০.২০১৯.৪৮৫৩ তাং-১৩/০৯/২০২৩ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বালাইনাশক কারিগরি উপদেষ্টা কমিটি (পিটাক) এর ৮৬তম সভায় বালাইনাশক কোম্পানী সমূহের স্টকে থাকা কার্বোফুরান বাজারজাতকরণের সময়সীমা বৃদ্ধির সুপারিশ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক নামঞ্জুর হওয়ায় সংশ্লিষ্ট কোম্পানীর স্টকে থাকা অবশিষ্ট কার্বোফুরান আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে ধ্বংস নিশ্চিত করে নিলস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট কোম্পানীর স্টকে থাকা অবশিষ্ট কার্বোফুরান আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে ধ্বংস নিশ্চিত করে নিলস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তঃ (১) কৃষি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন - ১ ফর্দ।

১৩/০২/২৪  
(মোঃ আশরাফ উদ্দিন)

পরিচালক

উদ্ভিদ সংরক্ষণ উইং

ফোনঃ ০২-৫৫০২৮৭২৩

প্রাপকঃ

- ১। এসিআই ফরমুলেশনস্ লিমিটেড, ২৪৫, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- ২। স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড, রূপ কেয়ার ডিভিশন, স্কয়ার সেন্টার, ৪৮, মহাখালী, ঢাকা-১২১২।
- ৩। বাংলাদেশ এগ্রিকালচারাল ইন্ডাস্ট্রিজ, বাড়ী নং-৮১৬, রোড নং-০৫, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা।
- ৪। .....

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১. চেয়ারম্যান, পিটাক ও নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪. অতিরিক্ত পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .....। আপনার অধিক্ষেত্রে কার্বোফুরানের বিজ্ঞাপন প্রচার, বিক্রয় ও ব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।
০৫. উপপরিচালক (আইসিটি), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা (পত্রটি ডিএইর ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৬. উপপরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .....। আপনার অধিক্ষেত্রে কার্বোফুরানের বিজ্ঞাপন প্রচার, বিক্রয় ও ব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।
০৭. উপজেলা কৃষি অফিসার (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .....। আপনার অধিক্ষেত্রে কার্বোফুরানের বিজ্ঞাপন প্রচার, বিক্রয় ও ব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

অনুলিপিঃ

০১. সভাপতি, বাংলাদেশ রূপ প্রটেকশন এসোসিয়েশন, ফার্মগেট, ঢাকা-১২১৫।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১৮, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
উপকরণ-২ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ২৮ পৌষ ১৪২৯/১২ জানুয়ারি ২০২৩

নং ১২.০০.০০০০.০২৬.৩৯.০০১.২৩.৩৩—বালাইনাশক আমদানি, উৎপাদন, পুনরুৎপাদন, বিক্রয়, বিতরণ ও ব্যবহার নিয়ন্ত্রণ এবং এতদসংক্রান্ত আনুষঙ্গিক বিষয়ে বিধান প্রণয়নকল্পে ২০১৮ সনের ২৪ নং আইন এর মাধ্যমে প্রণীত বালাইনাশক আইন-২০১৮ এর ধারা ১৫, ১৮, ১৯, ও সংশ্লিষ্ট অন্যান্য ধারা এবং বালাইনাশক বিধিমালা, ১৯৮৫ এ (তৎপরবর্তীতে সংশোধিতসহ) প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক এতদ্বারা নিম্নরূপ আদেশ জারি করা হলো :

WHO এর শ্রেণি অনুযায়ী কার্বোফুরান টেকনিক্যাল এবং ফরমুলেশনের বিষাক্ততা মানুষসহ প্রাণীকুলের জন্য ক্ষতিকর হওয়ায় কার্বোফুরানের রেজিস্টার্ড প্রোডাক্টগুলোর নবায়ন, আমদানি ও ব্যবহার কার্যক্রম জুন, ২০২৩ খ্রি. পর্যন্ত চলমান থাকবে। এ সময়ের পর কোনোক্রমেই কার্বোফুরানের রেজিস্টার্ড প্রোডাক্টগুলোর বিজ্ঞাপন প্রচারসহ নবায়ন, আমদানি ও ব্যবহার করা যাবে না।

রষ্ট্রেপতির আদেশক্রমে

আ. ফ. ম আলমগীর কবীর  
সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১২১)

মূল্য : টাকা ৪.০০